# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫২৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইশার সালাতকে বিলম্বে আদায় করা বৈধ যখন দূর্বল ব্যক্তিদের দুর্বলতার ভয় না থাকে এবং মুক্তাদীদের সম্মতি থাকে

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ تَأْخِيرَ الْعِشَاءِ الْآخِرَةِ إِذَا لَمْ يَخَفْ ضَعْفَ الضَّعِيفِ وَكَانَ ذَلِكَ بِرِضَا المأمومين

---

আরবী

1528 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا صَفْوَانُ بْنُ صَالِحٍ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ عَنْ عَاصِمِ بْنِ أَبِي النَّجُود عَنْ زِرِّ بْنِ حُبَيْشٍ: عَنِ ابْنِ مَسْعُودٍ قَالَ: أَخَّر رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْعِشَاءِ ثُمَّ خَرَجَ إِلَى الْمَسْجِدِ وَالنَّاسُ يَنْتَظِرُونَ الصَّلَاةَ فَقَالَ: (أَمَا إِنَّهُ لَيْسَ مِنْ أَهْلِ الْأَدْيَانِ أَحَدٌ يَذْكُرُ اللَّهَ هَذِهِ السَّاعَةَ غَيْرُكُمْ) ثُمَّ نَزَلَتْ عَلَيْهِ: {لَيْسُوا سَوَاءً مِنْ أَهْلِ الْكِتَابِ أُمَّةٌ قَائِمَةٌ يَتْلُونَ آيَاتِ اللَّهِ} ـ إلى ـ {يسجدون} [آل عمران: 113].
الراوي : ابْنِ مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1528 | خلاصة حكم المحدث : حسن ـ

বাংলা

১৫২৮. আব্দুল্লাহ বিন মাস‘উদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইশার সালাত আদায়ে বিলম্বে করেন। তারপর তিনি মসজিদের উদ্দেশ্যে বের হন এমন অবস্থায় যে লোকজন সালাতের জন্য অপেক্ষা করছে। তারপর তিনি বলেন, “তোমরা ছাড়া আর কোন ধর্মের লোক এই সময়ে আল্লাহকে স্মরণ করছে না।” তারপর আয়াত অবতীর্ণ হয়, “তারা সবাই এক রকম নয়। কিতাবীদের মধ্যে অবিচল একদল লোক আছেন, যারা আল্লাহর আয়াতসমূহ তিলাওয়াত করেন... আর তারা থাকে সাজদায় অবনত।”[1]

## ফুটনোট

[1] নাসাই আল কুবরা: ৭/২৫; বাযযার: ৩৭৫; মুসনাদ আহমাদ: ১/৩৯৬; মুসনাদ আবী ই'য়ালা: ১/১২৭; তাবারানী আল কাবীর: ১০২০৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৫২৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90843

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন